কর্মস্থলের বাইরে আহত?
অক্ষমতা সংক্রান্ত সুবিধার একটি গাইড

NEW YORK STATE OF OPPORTUNITY. | Workers' Compensation Board

নিউ ইয়র্ক শহরে, অক্ষমতা সংক্রান্ত সুবিধার বিমা লাভজনক এবং কিছু অলাভজনক উভয় ধরনের নিয়োগকারীদেরকে বহন করতে হয়। যদি আপনি আপনার কর্মস্থলের বাইরে আহত কিংবা অসুস্থ হওয়ার কারণে কাজ করতে সক্ষম না হোন তাহলে এই ইনস্যুরেন্স আপনাকে অস্থায়ীভাবে নগদ আর্থিক সুবিধা প্রদান করে থাকে। অন্যভাবে, কর্মস্থলের বাইরে আঘাতপ্রাপ্ত হওয়া বা অসুস্থ হওয়া।

নগদ আর্থিক সুবিধা

এই সুবিধা হচ্ছে আপনার সাপ্তাহিক গড় মজুরির 50%, যা সপ্তাহে সর্বোচ্চ $170 পর্যন্ত হতে পারে। শেষ যে দিবসে কাজ করা হয়েছে তার পূর্বের আট সপ্তাহের মজুরির উপর ভিত্তি করে গড় সাপ্তাহিক মজুরি নির্ধারিত হয়। অক্ষম হওয়ার 52 ধারাবাহিক সপ্তাহের মধ্যে 26 সপ্তাহ পর্যন্ত সুবিধা প্রদান করা হয়। এই সুবিধা সোশ্যাল সিকিউরিটি ট্যাক্সের অন্তর্ভুক্ত।

এক্ষেত্রে সাত দিনের একটি অপেক্ষমান সময়কাল থাকে; অক্ষম হওয়ার ধারাবাহিক অষ্টম দিনে সুবিধাদি শুরু হয়। অক্ষম হওয়ার 14তম দিনের পর চার কর্মদিবসের মধ্যে অথবা দাবি প্রাপ্তির চার কর্মদিবস পর, যা পরে হয়, সুবিধার প্রথম ধাপের অর্থ প্রদান করা হয়। অক্ষম থাকাকালীন প্রতি দুই সপ্তাহ অন্তর সুবিধা প্রদান করা হয়।

কর্মীর অক্ষমতা সম্পর্কে অবগত হওয়ার পাঁচ দিনের মধ্যে যোগ্য কর্মীদেরকে একটি ***স্টেটমেন্ট অব রাইটস – ডিজেবিলিটি বেনিফিটস ল (ফরম DB-271S)*** নিয়োগকারীকে অবশ্যই প্রদান করতে হবে।

অক্ষমতার সাথে সম্পর্কিত নয় এমন কারণসমূহের জন্য আপনি কাজ ছেড়ে দিলে আপনার সুবিধা পাওয়ার অধিকার প্রভাবিত হতে পারে।

গর্ভাবস্থা

গর্ভাবস্থায় বা শিশু জন্মের পর যেকোনো সময় অক্ষমতা ঘটতে পারে। তারা অন্যথায় যোগ্য রয়েছেন এই অনুমানের ভিত্তিতে, শিশু জন্মদানের অপেক্ষায় রয়েছেন বা নতুন মা হয়েছেন এমন ব্যক্তিরা অক্ষমতা সংক্রান্ত সুবিধাবলী ভোগ করতে পারেন। একজন চিকিৎসক বা সনদপ্রাপ্ত নার্স মিডওয়াইফের মাধ্যমে মেডিকেল রিপোর্টসহ অক্ষমতা অবশ্যই প্রমাণিত হতে হবে। গুরুতর অক্ষমতার ক্ষেত্রে কখনও কখনও একজন বিমাকারী আরও বিস্তারিত চিকিৎসা সংক্রান্ত তথ্য চাইতে পারেন।

প্রিমিয়াম ও কভারেজ

অক্ষমতা সুবিধার বিমা প্রিমিয়ামে ভারসাম্য রক্ষার জন্য একজন নিয়োগকারী তার কর্মীদের কাছ থেকে মজুরির একটি অংশ সংগ্রহ করতে পারেন। এই অংশটি মজুরির এক শতাংশের অর্ধেক পর্যন্ত হয়, যা প্রতি সপ্তাহে 60 সেন্ট পর্যন্ত হতে পারে।

বেকারত্ব বিমা ও অক্ষমতা সংক্রান্ত সুবিধাবলী

যদি আপনি বেকারত্ব বিমার সুবিধা গ্রহণ করে থাকেন এবং চাকরি শেষ হওয়ার চার থেকে 26 সপ্তাহের মধ্যে অক্ষম হয়ে পড়েন তাহলে অক্ষম হওয়ার প্রথম দিন থেকে আপনি অক্ষমতার জন্য সুবিধা পাওয়ার যোগ্য হতে পারেন। তবে, আপনি একই সময়ে বেকারত্ব বিমা সুবিধা এবং অক্ষমতার জন্য সুবিধাবলী পাবেন না। যদি কোনো আঘাত বা অসুস্থতা আপনাকে চাকরি খোঁজা থেকে বিরত রাখে এবং সেই কারণে আপনি বেকারত্ব বিমা সুবিধা সংগ্রহ করতে সক্ষম না হোন এবং যার ফলে অধিকতর বেকারত্ব বিমা সুবিধাসমূহ গ্রহণ করা থেকে আপনাকে অনুপযুক্ত করে রাখে, তাহলে শুধুমাত্র তখনই আপনি এর যোগ্য হবেন। Workers' Compensation Board (ওয়ার্কার্স কম্পেন্সেশন বোর্ড) এর নিম্নের ঠিকানায় সরাসরি একটি ***নোটিশ অ্যান্ড প্রুফ অব ক্লেইম ফর ডিজেবিলিটি বেনিফিটস (ফরম DB-450)*** দাখিল করুন:

Workers' Compensation Board
Disability Benefits Bureau
P.O. Box 9029
Endicott, NY 13761-9029

সম্পূরক অক্ষমতা সুবিধার পরিকল্পনা

আপনার নিয়োগকর্তা কর্তৃক একটি সম্পূরক অক্ষমতা সুবিধার বিমা পরিকল্পনা প্রদান করা হতে পারে। এখানে বর্ণিত বাধ্যতামূলক (বা বিধিবদ্ধ) বিমাগুলোর অপরিহার্য বিভিন্ন সুবিধা থেকে সম্পূরক পরিকল্পনাসমূহে ভিন্ন সুবিধাসমূহ রয়েছে। যেহেতু প্ল্যানসমূহ পরিবর্তিত হতে পারে, তাই আপনার জন্য প্রাপ্য সুবিধা সম্পর্কে জানতে আপনার নিয়োগকারীর সাথে সরাসরি যোগাযোগ করুন।

সীমাবদ্ধতা

আপনি যদি কর্মরত থাকেন, তাহলে আপনি অক্ষমতা সুবিধা পাবেন না। চিকিৎসা সেবা এই অক্ষমতা সুবিধা বিমার অন্তর্ভুক্ত নয়। ঐচ্ছিক সার্জারির কারণে অক্ষম হলে সে সময়কালের জন্য সুবিধা প্রদানযোগ্য নয়।

নিয়োগের পূর্বে সম্ভাব্য নিয়োগকারীরা আপনার অক্ষমতা সুবিধা সংক্রান্ত দাবি নিয়ে জিজ্ঞাসা নাও করতে পারেন।

কীভাবে দাবি উত্থাপন করবেন

1. অক্ষম হওয়ার 30 দিনের মধ্যে আপনার নিয়োগকর্তা বা বিমা সেবা সরবরাহকারীর মাধ্যমে ***নোটিশ অ্যান্ড প্রুফ অব ক্লেইম ফর ডিজেবিলিটি বেনিফিটস (ফরম DB-450)*** দাখিল করুন। এই ফরমটি wcb.ny.gov এ পাওয়া যাবে।

   আপনার দাবি অবিলম্বে পরিশোধ করা না হয় তাহলে আপনার নিয়োগকারী বা আপনার নিয়োগকারীর বিমা সেবা সরবরাহকারীর সাথে যোগাযোগ করুন।

   আপনি যদি দেরিতে দাবি দাখিল করে থাকেন, তবে দাবি দাখিল হওয়ার তারিখের দুই সপ্তাহের বেশি সময়ের পূর্বে যেকোনো অক্ষমতা সম্পন্ন সময়কালের জন্য আপনাকে অর্থ প্রদান করা নাও হতে পারে। আপনি যদি দেখাতে পারেন যে নির্ধারিত সময়ের পূর্বে দাবি দাখিল করা যুক্তিসঙ্গতভাবে সম্ভব ছিল না তাহলে বিলম্বে দাবি দাখিল গ্রহণযোগ্য হতে পারে। অক্ষমতা শুরু হওয়ার 26 সপ্তাহের বেশি সময় অতিক্রান্ত হওয়ার পর বা আবার কাজে যোগদান করার পর দাবি দাখিল করলে কোনো সুবিধা প্রদানযোগ্য হবে না।

2. আপনার স্বাস্থ্য সেবা প্রদানকারীকে ***ফরম DB-450*** এর ***পার্ট B*** অবশ্যই পূরণ করতে হবে, *স্বাস্থ্য সেবা প্রদানকারীর বিবৃতি*।

অন্যান্য পরিস্থিতি

- **প্রত্যাখ্যাত দাবি:** যদি আপনার দাবি প্রত্যাখ্যাত হয় তাহলে প্রত্যাখ্যাত দাবির একটি পর্যালোচনা করার জন্য অনুরোধ করার অধিকার আপনার রয়েছে। আপনার অনুরোধ জমা দিন এই ঠিকানায়: Workers' Compensation Board
Disability Benefits Bureau
P.O. Box 9029
Endicott, NY 13761-9029

  যদি আপনি এখনো অক্ষম হয়ে থাকেন এবং 26-সপ্তাহ সুবিধা প্রাপ্তির সময় অতিক্রান্ত হওয়ার পূর্বে আপনার সুবিধা বন্ধ হয়ে যায় এবং আপনার কাছে অক্ষম থাকা সংক্রান্ত চিকিৎসার প্রমাণ থাকে তাহলে পর্যালোচনার জন্য Disability Benefits Bureau (ডিজেবিলিটি বেনিফিট ব্যুরো)-তে একটি অনুরোধ জমা দেওয়ার অধিকার আপনার রয়েছে। কোনো দাবি সঠিক এবং বৈধ নির্ধারিত হলে বিমা সেবা সরবরাহকারী কর্তৃক অধিকতর সেবা প্রদান করা হতে পারে। প্রযোজ্য ক্ষেত্রে, বোর্ড অতিরিক্ত তথ্যের জন্য অনুরোধ করবে এবং আপনার দাবির উপর শুনানি রাখতে পারে।

- **যানবাহন দুর্ঘটনা:** একটি যানবাহন দুর্ঘটনার কারণে আহত হলে আপনি অক্ষমতা সুবিধা পেতে পারেন। অক্ষমতা সুবিধার জন্য যোগ্যতা থাকা সত্ত্বেও নো-ফল্ট বেনিফিট হ্রাস করা হতে পারে।

- **সোশ্যাল সিকিউরিটি বেনিফিট:** যদি আপনি এখনো কর্মরত থাকেন এবং সোশ্যাল সিকিউরিটি রিটায়ারমেন্ট সুবিধা পেয়ে থাকেন তাহলে আপনি অক্ষমতা সুবিধা পাওয়ার যোগ্য হতে পারেন। তবে, আপনি যদি সোশ্যাল সিকিউরিটির অক্ষমতা সুবিধা পেয়ে থাকেন এবং একই সাথে এনওয়াইএস অক্ষমতা সুবিধা পাওয়ার জন্য একটি দাবিও দাখিল করে থাকেন তাহলে আপনি উভয় সুবিধা প্রাপ্তির পরিবর্তে উভয় সুবিধার বড় অংশটি পাবেন।

  উদাহরণস্বরূপ, যদি আপনার সোশ্যাল সিকিউরিটির অক্ষমতা সুবিধা $400 এবং নিউ ইয়র্ক স্টেট অক্ষমতা সুবিধা $170 হয়ে থাকে, তবে আপনি শুধুমাত্র $400 পাবেন।

ভাষাগত সহযোগিতা

নথিপত্রগুলো আপনার প্রয়োজনীয় ভাষা অনুযায়ী বোর্ড কর্তৃক অনুবাদ করে দেওয়া হবে। এছাড়াও, আপনার শুনানির জন্য বিনামূল্যে একজন দোভাষী সরবরাহ করা হবে। অনুবাদ ও দোভাষী সুবিধা প্রাপ্তির জন্য অনুগ্রহপূর্বক (877) 632-4996 নম্বরে কল করুন।

আরও তথ্যের জন্য, ভিজিট করুন: wcb.ny.gov

আপনার অক্ষমতা সুবিধার দাবি সম্পর্কিত প্রশ্নের জন্য আপনাকে অবশ্যই আপনার নিয়োগকারীর বিমা সেবা সরবরাহকারীকে কল করতে হবে

অক্ষমতা সুবিধা সম্পর্কিত সাধারণ তথ্যের জন্য, আপনি (877) 632-4996 নম্বরে কল করতে পারেন

BN-INJ-Disability-1-v2 2-19 Bengali

সুবিধাবলীর যথাযথ বিতরণ নিশ্চিত করার এবং আইনের প্রতি সম্মতি প্রবর্তনের মাধ্যমে The New York State Workers' Compensation Board (দ্য নিউ ইয়র্ক স্টেট ওয়ার্কার্স কম্পেন্সেশন বোর্ড) কর্মচারি ও নিয়োগকর্তা উভয় পক্ষের অধিকার রক্ষা করে। Workers' Compensation Board (ওয়ার্কার্স কম্পেন্সেশন বোর্ড) সম্পর্কে আরও জানার জন্য, ভিজিট করুন wcb.ny.gov.

facebook.com/NYSWCB twitter.com/NYSWorkersComp youtube.com/c/newyorkstateworkerscompensationboard